

## هُود | Hud | مُؤِد

আয়াতঃ ১১: ৩৩

## **া** আরবি মূল আয়াত:

## قَالَ إِنَّمَا يَاتِيكُم بِهِ اللَّهُ إِن شَآءَ وَ مَا اَنتُم بِمُعجِزِينَ ﴿٣٣﴾

## 

সে বলল, 'আল্লাহই তো তোমাদের কাছে তা হাজির করবেন, যদি তিনি চান। আর তোমরা তাকে অক্ষম করতে পারবে না'। — আল-বায়ান

নূহ বলল, 'আল্লাহই তা তোমাদের কাছে নিয়ে আসবেন যদি তিনি চান, তোমরা ব্যর্থ করতে পারবে না। — তাইসিক্রল

সে বললঃ ওটাতো আল্লাহ তোমাদের সামনে আনয়ন করবেন যদি তিনি ইচ্ছা করেন এবং তোমরা তাঁকে অক্ষম করতে পারবেনা। — মুজিবুর রহমান

He said, "Allah will only bring it to you if He wills, and you will not cause [Him] failure. — Sahih International

৩৩. তিনি বললেন, ইচ্ছে করলে আল্লাহই তা তোমাদের কাছে উপস্থিত করবেন এবং তোমরা তা ব্যর্থ করতে পারবে না।

তাফসীরে জাকারিয়া

- (৩৩) সে বলল, 'ওটা তো আল্লাহ ইচ্ছা করলে তোমাদের সামনে আনয়ন করবেন এবং তোমরা তাঁকে ব্যর্থ করতে পারবে না।[1]
  - [1] অর্থাৎ, আযাব আসা একমাত্র আল্লাহর ইচ্ছার উপর, এ নয় যে আমি যখন চাইব, তখনই তোমাদের উপর আযাব চলে আসবে। এর পরেও আল্লাহ তাআলা যখন আযাবের ফায়সালা করে নেবেন বা প্রেরণ করে দেবেন, তখন তাঁকে কেউ ব্যর্থ করতে পারবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1506



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন